

মাদ্রাসার ৮ম শ্রেণির রেজিস্ট্রেশন কার্ড ডাউনলোড শুরু ৯ নভেম্বর

ইত্তেফাক ডিজিটাল ডেস্ক

প্রকাশ : ০৪ নভেম্বর ২০২৫, ১৩:৫২



ছবি: সংগৃহীত

আগামী ৯ নভেম্বর থেকে বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের অধীন ২০২৫ সালের অষ্টম শ্রেণির শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন কার্ড অনলাইনে ডাউনলোড করা যাবে। যা চলবে ২০ নভেম্বর পর্যন্ত। এসময়ের মধ্যে প্রতিটি মাদ্রাসা নিজস্ব আইডি ব্যবহার করে শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন কার্ড ইএসআইএফ লিংকের মাধ্যমে (www.ebmeb.gov.bd) ডাউনলোড ও প্রিন্ট করতে পারবে।

 **দৈনিক ইত্তেফাকের সর্বশেষ খবর পেতে Google News অনুসরণ করুন**

সম্প্রতি প্রকাশিত এক বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে, কার্ড ডাউনলোডের পর মাদ্রাসার প্রধানদের নির্ধারিত স্থানে সিল ও স্বাক্ষর দিয়ে শিক্ষার্থীদের মধ্যে বিতরণ করতে হবে। যদি কোনো তথ্য ভুল থাকে, তবে বোর্ড ফি ৩০০ টাকা দিয়ে অনলাইনে সংশোধন করা যাবে। সংশোধনের আবেদন করতে হবে ২০ নভেম্বর থেকে ১৫ ডিসেম্বরের মধ্যে। আর নির্ধারিত সময়ের মধ্যে

সংশোধনের আবেদন করা না হলে পরবর্তী সময়ে নাম ও বয়স সংশোধনের জন্য আলাদা কমিটির মাধ্যমে আবেদন করতে হবে।

মাদ্রাসা বোর্ড থেকে আরও জানানো হয়েছে, যেসব শিক্ষার্থী অনলাইন জন্মনিবন্ধন নম্বর দেওয়া হয়নি, তাদের রেজিস্ট্রেশন নম্বর ইস্যু করা হয়নি। এ ক্ষেত্রে জন্মনিবন্ধন নম্বর যুক্ত করলে রেজিস্ট্রেশন নাম্বার ইস্যু করা হবে এবং ফি দিতে হবে না। আর ৮ম-২০২৫ সালের রেজিস্ট্রেশন ৬ষ্ঠ-২০২৩ সালের ডাটাবেজের মাধ্যমে সম্পন্ন হয়েছে, তাই ৬ষ্ঠ শ্রেণির তথ্য সংশোধন করা হলে তা স্বয়ংক্রিয়ভাবে ৭২ ঘণ্টার মধ্যে অষ্টম শ্রেণির রেজিস্ট্রেশনেও হালনাগাদ হবে।

বিজ্ঞপ্তিতে আরও বলা হয়েছে, শিক্ষার্থীরা রেজিস্ট্রেশন কার্ডে থাকা কিউআর কোড স্ক্যান করে অনলাইনে কার্ড যাচাই ও প্রিন্ট করতে পারবে, এমনকি সংশ্লিষ্ট প্রতিষ্ঠান ছাড়াও একাধিকবার প্রিন্ট করা যাবে।